দৈনিক ইত্তেফাক

103

তারিখ ... 08 APR 1990 পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু
# সন্ত্রাসবাদ বিরোধী মৌন মিছিল

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়াছে। প্রথম দিনে ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার ছিল আশাতীত। বেলা ১২টায় ভিসি প্রফেসর ডঃ এম মনিরুজ্জামান মিয়ার নেতৃত্বে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীর একটি মৌন শান্তি মিছিল অপরাজেয় বাংলার পাদদেশ হইতে শহীদ মিনার কার্জন হল, বাংলা একাডেমী এলাকা প্রদক্ষিণ শেষে পুনরায় অপরাজেয় বাংলার পদদেশে আসিয়া শেষ হয়।

গতকাল সকাল হইতে ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত আনাগোনা শুরু হয়। মৌন শান্তি মিছিল শুরুর পূর্বে যথারীতি বিভিন্ন বিভাগের ক্লাস অনুষ্ঠিত হয়। পাশাপাশি মধুর কেন্টিন, লাইব্রেরী চত্বর, কলাভবনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

—ইত্তেফাক



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার পর কলাভবন চত্বর —ইত্তেফাক

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

এলাকায় দীর্ঘদিন পর ছাত্র-ছাত্রীদের আড্ডা জমিয়া উঠে। বেলা ১২টা ৫ মিনিটে ভিসি প্রফেসর ডঃ এম মনিরুজ্জামান মিয়া, প্রো-ভিসি প্রফেসর ডঃ এমাজউদ্দিন আহমেদসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ আসিয়া পৌঁছিলে অপরাজেয় বাংলার প্রাঙ্গণে ভিড় বাড়িয়া যায়। এইসময় কোন ঘোষণা ছাড়াই মিছিল শুরু করা হইলে বিশৃঙ্খলার সৃষ্টি হয়। রোকেয়া হলের সম্মুখে মিছিলে কিছুটা শৃঙ্খলা ফিরিয়া আসে। ভিসি, প্রো-ভিসি, কয়েকজন শিক্ষক, ডাকসুর ভিপি, জি, এসসহ বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ মিছিলের অগ্রভাগে নেতৃত্ব দেন।

এদিকে গতকাল বিভিন্ন হলে অধিকাংশ ছাত্র-ছাত্রী ফিরিয়া আসায় হল ক্যাম্পাসে আবার প্রাণচাঞ্চল্য ফিরিয়া আসিয়াছে।